

বাম সংগঠনগুলোর প্যানেল ঘোষণা

ডাকসু নির্বাচন

- ▷ প্যানেলের অর্ধেক নারী
ও আদিবাসী
- ▷ পূর্ণাঙ্গ প্যানেল দেয়নি
ছাত্রদল, বাগচাস

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২০ আগস্ট ২০২৫ | ০০:২৪

(-) (অ) (+)

চাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন ছিল গতকাল
মঙ্গলবার। এ দিন নির্বাচন কমিশনের কাছে মনোনয়নপত্র সংগ্রহের চেয়ে বেশি জমা পড়েছে। ডাকসুর ২৮টি পদের বিপরীতে
গতকাল ৯৩টি মনোনয়নপত্র বিক্রি হয়েছে। এ নিয়ে মোট মনোনয়নপত্র বিক্রি হয়েছে ৬৫৮টি। আর ১৮টি হলে গতকাল

মনোনয়নপত্র বিক্রি হয়েছে ২০১টি। মোট মনোনয়নপত্র বিক্রি হয়েছে ১ হাজার ৪২৭টি। আজ বুধবার বিকেল ৫টার মধ্যে মনোনয়নপত্র জমা দিতে হবে প্রার্থীদের।

গতকাল ‘প্রতিরোধ পর্ষদ’ নামে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ে সক্রিয় বাম ছাত্র সংগঠনগুলো। এ ছাড়া পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির, বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ এবং ইসলামী শাসনতান্ত্রিক ছাত্র আন্দোলন। তবে গতকাল ছাত্রদল এবং বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের (বাগচাস) প্যানেল ঘোষণার কথা থাকলেও তা হয়নি।

এদিকে, ডাকসু নির্বাচনে স্বাধীনতাবিরোধী শক্তির রাজনীতিতে অনুপ্রবেশের অভিযোগ এনে গতকাল বিকেলে হলে বিক্ষোভ মিছিল করেছেন জগন্নাথ হলের শিক্ষার্থীরা। তারা জানান, ক্যাম্পাসে স্বাধীনতাবিরোধী শক্তির তৎপরতা বেড়েছে। এর প্রতিবাদ জানাতে তারা হলের মধ্যে মিছিল করেন।

বাম সংগঠনের প্যানেল

গতকাল দুপুরে মধুর ক্যান্টিনে ‘প্রতিরোধ পর্ষদ’ নামে প্যানেল ঘোষণা করে বাম ছাত্র সংগঠনগুলো। বিপ্লবী ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো. জাবির আহমেদ জুবেল জানান, শেখ তাসনিম আফরোজ (ইমি) ভিপি, মেঘমন্ত্রার বসু জিএস ও জাবির আহমেদ জুবেলকে এজিএস প্রার্থী করা হয়েছে। প্যানেলে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে মোজাম্বেল হক, কমনরূম রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে নূজিয়া হাসিন, মানবাধিকার ও আইন সম্পাদক পদে আকাশ আলী, ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে লিটন ত্রিপুরা, ছাত্র পরিবহন সম্পাদক পদে নিনাদ খান, আন্তর্জাতিক সম্পাদক পদে নাইম উদ্দীন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে ফারিয়া মতিন, ক্রীড়া সম্পাদক পদে মালিহা তাবাসসুম, সমাজসেবা সম্পাদক পদে আবু মুজাহিদ আকাশ, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে শেখ তাসনিমা সৃষ্টি, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ফাতিন ইশরাক, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে আলমগীর হোসেনকে মনোনয়ন দেওয়া হয়েছে। এ ছাড়া মো. তাফসিরুজ্জ্বাহ, রাজেকুজ্জামান জুয়েল, ওয়াকার রহমান সৌরভ, মোহাম্মদ মুস্তাকিম, মিশকাতুল মাশিয়াত,

আতিকা আনজুম, পৃথিং মারমা, ইসরাত জাহান ইয়ু, আনিয়া ফাহমিন, রাহনুমা আহমেদ, সাজিদ উল ইসলাম ও হেমা চাকমাকে সদস্য পদে মনোনয়ন দেওয়া হয়েছে।

২৭ জনের প্যানেলে প্রায় অর্ধেক সংখ্যক নারী। প্রার্থীদের মধ্যে ছাত্র ইউনিয়নের ৭ জন, বিপ্লবী ছাত্র মৈত্রীর ৫ জন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ৪ জন, বিপ্লবী ছাত্র যুব আন্দোলনের ২ জন এবং পাহাড়ি ছাত্র পরিষদের ১ জন। রাজনীতির সঙ্গে যুক্ত নন এমন শিক্ষার্থী রয়েছেন ৮ জন। একজন প্রার্থী দৃষ্টিপ্রতিবন্ধী।

তারেক রহমানের সম্মতির অপেক্ষায় ছাত্রদল

এদিকে, গতকাল পর্যন্ত পূর্ণাঙ্গ বা আংশিক প্যানেল ঘোষণা করতে পারেনি ছাত্রদল। তবে সোমবার ও মঙ্গলবার ছাত্রদলের নেতাকর্মীরা এককভাবে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

ছাত্রদল সূত্রে জানা গেছে, প্যানেলে ভিপি পদে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আবিদুল ইসলাম খান, জিএস পদে কবি জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর বারী হামীম এবং এজিএস পদে বিজয় একান্তর হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর আল হাদী মায়েদ-এর মনোনয়ন চূড়ান্ত। বাকি পদগুলোতে প্রার্থী তালিকা করছেন বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম বকুল, ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাবি সভাপতি ও সাধারণ সম্পাদক। তারা প্যানেল চূড়ান্ত করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমানের সম্মতির পর ঘোষণা করবেন।